

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৫৮৮  
মোহনপুর, ২৯ জুন, ২০২৪

জলে ডুবা প্রতিরোধ মাস  
মোহনপুর মহকুমায় আলোচনাচক্র

মোহনপুর মহকুমার ফটিকছড়া ইংরেজীমাধ্যম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে আজ জলে ডুবা প্রতিরোধ মাস উপলক্ষে এক সচেতনতামূলক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। মোহনপুর মহকুমা প্রশাসনের উদ্যোগে আয়োজিত এই আলোচনাচক্রে জলে ডুবা প্রতিরোধ সম্পর্কে জনগণকে সচেতন করার বিষয় নিয়ে আলোচনা করা হয়। এ উপলক্ষে ফটিকছড়া চা বাগান লেকে এক মহড়াও অনুষ্ঠিত হয়। মহড়ায় টিএসআর ও এসডিআরএফ'র জওয়ানগণ, আপদামিত্র, জেলা বিপর্যয় মোকাবিলা শাখার রিসোর্সপার্সন, আরক্ষাকর্মী, অগ্নি ও জরুরী পরিষেবার কর্মীগণ ও বিভিন্ন স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ অংশ নেন। আলোচনাচক্র ও মহড়ায় ভারপ্রাপ্ত মহকুমা শাসক ত্রিদিপ সরকার ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*